

বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪২৩ (রৌপ্য পদক)

ক্ষেত্রঃসফল মৎস্য চাষি ও নারী উদ্যোক্তা

জাতীয় মৎস্য পুরস্কার ২০১৯ (রৌপ্য পদক)

ক্ষেত্রঃগুনগতমানের পোনা উৎপাদন

বেগম লাভলী ইয়াসমিন

স্বামীর নাম মোঃ আব্দুল মান্নান মিঞা,

গ্রাম- কাষ্টসাগরা,

ডাকঘর- পোড়াহাটী,

উপজেলা- ঝিনাইদহ সদর,

জেলা- ঝিনাইদহ



ঝিনাইদহ: লাভলী ইয়াসমিন

নারী হয়ে বসে থাকেননি লাভলী ইয়াসমিন। নিজের কর্মদক্ষতা আর বুদ্ধি দিয়ে মাছ চাষ করে নিজের ভাগ্য নিজেই গড়ে সংসারের আর্থিক স্বচ্ছলতা এনেছেন। ২০০১ সালে গ্রামের একটি পুকুর লিজ নিয়ে উপজেলা মৎস্য অফিস থেকে উন্নত প্রযুক্তিতে মাছ চাষ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করে মাছ চাষ শুরু করেন। প্রাথমিক পর্যায়ে যুব উন্নয়ন অফিস থেকে বিশ হাজার টাকা ঋণ, পরবর্তীতে মৎস্য অফিস থেকে এক লক্ষ টাকা ঋণ গ্রহণ করে, পরিশ্রমী নারী ও সন্তানের জননী লাভলী ইয়াসমিন, সংসারের বোঝা মাথায় নিয়ে হাঁটি হাঁটি পা পা করে সমাজে প্রতিষ্ঠিত হয়েছেন। লাভলী ইয়াসমিনের মৎস্য চাষি হিসাবে সফলতার স্বীকৃতির যাত্রা শুরু হয়েছিল জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৬ তে শ্রেষ্ঠ গুনগতমান সম্মত পোনা উৎপাদনের ক্ষেত্রে পুরস্কার গ্রহণের মধ্য দিয়ে। লাভলী ইয়াসমিন বর্তমানে ৭.২৪ হেক্টর পুকুরে গুনগতমানের পোনা উৎপাদন করে এবং মৎস্য খামারে ১০ জনের কর্মসংস্থান প্রদান করছে। বর্তমান সরকার লাভলী ইয়াসমিনকে বানিজ্যিক ভিত্তিতে মৎস্য চাষের মাধ্যমে গুনগত মানের এক বৎসরে ২৫ হাজার কেজি মাছের পোনা উৎপাদনের জন্য বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪২৩ রৌপ্য পদক প্রদান করে। বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার প্রাপ্তির পর ২০১৮ সালে লাভলী ইয়াসমিন ১,৪৫,৮০০ কেজি গুনগত মানের মাছের পোনা উৎপাদন করতে সক্ষম হয়েছেন। লাভলী ইয়াসমিন মাছ চাষের পাশাপাশি গবাদী পশু, হাঁস মুরগী, শাকসবজি চাষে অগ্রণী ভূমিকা পালন করে আসছে এছাড়া সে ভার্মি কম্পোষ্ট তৈরিতে একজন সফল চাষি হিসাবে সমাজে স্থান তৈরি করেছেন। লাভলী ইয়াসমিন পারিবারিক জীবনে অবসরপ্রাপ্ত স্বামীসহ ৩ সন্তানের লেখাপড়ার ব্যয় এবং সংসারের ব্যয় এসকল খামার থেকে বহন করছেন। লাভলী ইয়াসমিনের গর্ব তিনি নারী হিসাবে কৃষি, মৎস্য, প্রানি খামার করে, বড় ছেলেকে বিএসসি টেক্সটাইল ইঞ্জিনিয়ার, মেজো ছেলেকে বিএসসি কম্পিউটার ইঞ্জিনিয়ার, ছোট ছেলেকে রেসিডেন্সিয়াল কমার্স কলেজে অধ্যয়ন করাতে সক্ষম হয়েছেন।

লাভলী ইয়াসমিন নারী উদ্যোক্তা হিসাবে ঝিনাইদহ জেলার গর্ব।

২০১৯ সালে লাভলী ইয়াসমিন ১৪৫২০০ কেজি গুনগতমানের পোনা উৎপাদন করেছেন।